भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL 037156

Addl. District Sub-Registrar
Bidhan Nagar (Salt Lake City)

26 SEP 2008

।। মং ১,৬০,০০০৲ এক লক্ষ ষাট হাজার টাকা পনে ।।

।। সাফ বিক্রয় কোবালা দলিল ।।

কোবালা পত্র গ্রহিতা ঃঃ ক্রেতা ঃঃ -

শ্রী দুধ কুমার সরদার, পিতা - শ্রী মধু সরদার, সাং - চঁকপাচুড়িয়া, থানা - রাজারহাট, জেলা - উত্তর ২৪ পরগনা, জাতি - ভারতীয়, ধর্ম্ম - হিন্দু, পেশা - ব্যবসা ।।

কোবালা

কোবালা পত্র দাতা ঃঃ বিক্রেতা ঃঃ -

শ্রী নিতাই চন্দ্র বিশ্বাস ওরফে শ্রী নিতাই বিশ্বাস, পিতা - জ্ঞানদা প্রসাদ বিশ্বাস ওরফে জ্ঞানদা চরন বিশ্বাস, সাং - পাথরঘাটা, থানা - রাজারহাট, জেলা - উত্তর ২৪ পরগনা, জাতি - ভারতীয়, ধর্ম্ম - হিন্দু, পেশা - চাষ ।।

কস্য সম্পূর্ণ নির্দ্দায় নির্দ্দোষ ও মুক্তাবস্থায় যাবতীয় ইজমেন্ট রাইট স্বত্বাদি সহ স্থাবর সম্পত্তির সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ-

জেলা উত্তর ২৪ পরগনা, থানা রাজারহাট ও এ্যাডিসন্যাল ডিস্ট্রীক্ট সাব রেজিস্ট্রী অফিস বিধান নগর সল্টলেক সিটি এলাকাধীন কলিকাতা পরগাণাস্থিত ও পাথরঘাটা গ্রাম পঞ্চায়েতের অর্ন্তগত মৌজা - পাথরঘাটা, গ্রামে ১৭৩ বর্ত্তমানে ১০ নং তৌজি ভূক্ত হাল মালিক মহামান্য পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে উত্তর ২৪ পরগনা জেলা কালেকটার বাহাদূর অধিকারে রায়তী দখলী স্বত্ব ১২১৮ নং খতিয়ান ভুক্ত সাকেব ৩৬১৩ নং দাগে ৪১ শতক জমির মধ্যে ২০.৫০ শতক জমি যাহা আমি অত্র কোবালা বিক্রেতা বিগত ইংরাজী ২৬/১১/১৯৬৯ তারিখে কাশীপুর দমদম সাব রেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ১১০ নং ভল্যুমের ২৫১ হইতে ২৫৩ পাতায় নকলকৃত ৭৫৩৩ নং এককেতা রেজিষ্ট্রীকৃত সাব কোবালা দলিল দ্বারা হাকিজ উদ্দিন মোল্লা মহাশয়ের নিকট হইতে খরিদ করিয়া খাসে মালিক দখলিকার নিযুক্ত থাকা অবস্থায় বর্তমান এল. আর. জরিপে ১০০০ নং খতিয়ানে উক্ত সাবেক ৩৬১৩ নং দাগে হাল (আর. এস.) ৩৯১৪ নং দাগে উক্ত ৪১ শতক জমির

মধ্যে

মধ্যে .৫০০০ অংশে ২০.৫০ শতক জমি নিজ নাম বরাবর রেকর্ড ও লিপিবদ্ধ করিয়া মালিকের নির্দ্ধারিত করাদী যথারীতি আদায় দিয়া অদ্যাবধি খাসে ভোগ দখল করিয়া আসিতেছি । যাহা আমার দান বিক্রয় ইত্যাদি সর্ব্ব প্রকার হস্তান্তর করিবার উত্তম স্বত্ব বর্ত্তমান আছে ।

এক্ষনে আমার নানা বিধ বৈধ ও সঙ্গত কারনে নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় উক্ত জমি হইতে নিম্ন তপশীলে বর্নিত অত্র দলিলের সঙ্গীয় নকশায় লাল রেখার দ্বারা দর্শিত ২ - ০ - ০ দুই কাটা জমি মায় দরবস্তু হক হকুক বিক্রয় করিবার ঘোষানা করিলে আপনি অত্র কোবালা গ্রহিতা ক্রেতা লোকপরম্পরায় অবগত হইয়া খরিদ করিবার প্রস্তাব করায় আমি আপনার প্রস্তাবে সম্মত হইয়া বর্তমান বাজারদর বেলমোক্তা মং ১,৬০,০০০ এক লক্ষ ষাট হাজার টাকা পনে ও উক্ত টাকার প্রাপ্তি স্বীকারে অত্র সাফ কোবালা মূলে আপনার নিকট সাফ বিক্রয় করিয়া এককালিন চিরনিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম এবং আপনাকে খাস ও খোলসা দখল দিয়া দিলাম । আপনি অদ্য হইতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান, ভোগবান ও দখলে দখলিকার হকে হকদার হইয়া আমার নামের পরিবর্ত্তে আপনার নিজ নাম পত্তন করতঃ নিরুপীত করাদী আদায়ে দান, বিক্রয় ইত্যাদি সর্বপ্রকার হস্তান্তর রুপান্তরের ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারেশান স্থলবর্ত্তী গণক্রমে যদৃচ্ছা ব্যবহারে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন । কস্মিন কালেও বিক্রীত সম্পত্তিতে আমি কিংবা আমার ওয়ারেশান স্থলবর্ত্তী গণক্রমে কেহ কখনও কোন প্রকার দাবী দাওয়া কিংবা ওজরাপত্তি করি বা করে তাহা অত্র কোবালার বলে সর্ব্বত্র সর্ব্ব আদালতে বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে।

কোবালা ভূক্ত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামীত্ব সংশ্রব লভ্য হক হকিয়ৎ ও অধিকারাদি ছিল বা আছে তৎ সমস্ত অদ্য আমা হইতে রদ রহিত ও লোপ পাইয়া এই কোবালার বলে সম্পূর্ণরুপে আপনাতে বর্ত্তিল ।

কোবালা ভূক্ত সম্পত্তি আমি ইতি পূর্ব্বে কোন প্রকার দায় সংযোগ বা হস্তান্তরাদি করিয়া রাখি নাই বা কোন মামলা মোকদ্দমার বিষয়ী ভূক্ত সম্পত্তি নহে বা কোন আদালত কর্ত্তৃক ক্রোক নিলাম হয় নাই বা কোন দেব সেবায় অর্পণ করি নাই বা উহাতে আমার কোন স্বত্ব দখলের দোষ নাই বা সরকার বাহাদুর কর্ত্তৃক গৃহিত হয় নাই বা ভেষ্টের্ড সম্পত্তি নহে । সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় নির্দ্দোষ ও মুক্ত অবস্থায় এবং আমার খাস দখলে থাকা অবস্থায় আপনার নিকট সাফ বিক্রয় করিলাম ।

যদ্যাপি ভবিষ্যতে কোন প্রকার তঞ্চকতা থাকা প্রকাশ পাইয়া আপনার খরিদা স্বত্ত্বের কোন প্রকার ক্ষতি হয় বা বিঘ্ন ঘটে তাহা হইলে আপনার যাবতীয় ক্ষতি মায় খরচাদী সহ পনের লিখিত সমুদয় টাকা এককালিন ফেরত ও আদায় দিতে বাধ্য থাকিলাম ।

অত্র দলিল সংলগ্ন নকশা দলিলের একাংশ বলিয়া গণ্য ও কার্য্যকরী হইবে ।

প্রকাশ থাকে যে, অত্র দলিলে লেখার কোন ছাড় পড়িলে বা কোন প্রকার ভুলত্রুটী থাকা প্রকাশ পাইলে আপনার খরচায় আপনার নাম বরাবর বিনা পনে ভ্রম সংশোধন বা পরিপূরক দলিল করিয়া দিতে বাধ্য থাকিলাম ।

এতদর্থে

এতদর্থে আপন খুশিতে, স্বেচ্ছায়, স্বজ্ঞানে, সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে অত্র দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া পনের লিখিত সমুদয় টাকা নিম্ন জায়মত এককালিন নগদ বুঝিয়া পাইয়া আপনার বরাবর অত্র কোবালা দলিল লিখিয়া দিয়া সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম ইতি - সন বাংলা ১৪১৫ সালের ৮ ই আশ্বিন -
ইংরাজী ২০০৮ সালের ২৬ শে সেপ্টেম্বর -

## ।। তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় ।।

জেলা উত্তর ২৪ পরগনা, থানা রাজারহাট ও এ্যাডিসন্যাল ডিষ্ট্রীক্ট্ সাব রেজিষ্ট্রী অফিস বিধান নগর সল্টলেক সিটি এলাকাধিন কলিকাতা পরগণাস্থিত ও পাথরঘাটা গ্রাম পঞ্চায়েতের অর্ন্তগত মৌজা - পাথরঘাটা, গ্রামে জে.এল. নং ৩৬, রে. সা. নং ২২৫, তৌজি ১৭৩ বর্তমানে ১০ নং ভূক্ত হাল মালিক মহামান্য পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের পক্ষে উত্তর ২৪ পরগনা জেলা কালেকটার বাহাদুর অধিকারে রায়ত দখলী স্বত্ব ১৮১২ নং খতিয়ান ভূক্ত ও বর্তমান এল. আর. জরিপে ১০০০ নং খতিয়ানে আমার নিজ নামীয় রেকর্ডীয় জমি জমার মধ্যে.....

সাবেক ৩৬১৩ নং দাগের হাল (আর .এস) ৩৯১৪ উনচল্লিশ শত চৌদ্দ নং দাগে শালি ৪১ শতক জমির মধ্যে আমার খরিদা .৫০০০ অংশে ২০.৫০ শতক তন্মধ্যে অত্র দলিলের সঙ্গীয় নকশায় লাল রেখার দ্বারা দর্শিত 'বি' ও 'বি/১' নং প্লট ভূক্ত ২ - ০ - ০ দুই কাটা জমি মায় যাবতীয় ইজমেন্ট রাইট দরবস্তু হক হকুক অত্র কোবালা ভূক্ত বিক্রীত সম্পত্তি হইতেছে । যাহা পশ্চিমবঙ্গ ল্যান্ড হোল্ডিং রেভিনিউ আইন মোতাবেক খাজনা ধার্য্য হইবে ।

'এ' নং

## ।। 'বি' নং প্লটের চৌহদ্দি ।।

উত্তরে ::- ৪ ফুট চওড়া কমন প্যাসেজ ।

দক্ষিনে ::- হাল দাগ নং ৩৯১৩ ।

পূর্ব্বে ::- প্লান প্লট নং 'এ' ।

পশ্চিমে ::- প্লান প্লট নং 'এ/১' ও 'বি/১' ।

## ।। 'বি/১' নং প্লটের চৌহদ্দি ।।

উত্তরে ::- প্লান প্লট নং 'এ/১' ।

দক্ষিনে ::- হাল দাগ নং ৩৯১৩ ।

পূর্ব্বে ::- প্লান প্লট নং 'বি' ।

পশ্চিমে ::- পঞ্চায়েত রাস্তা ।

## ।। প্রাপ্ত টাকার জায় ।।

৫০০৲ টাকার নোট ৩২০৲ কেতায় মং ১,৬০,০০০৲ এক লক্ষ ষাট হাজার টাকা নগদ বুঝিয়া পাইলাম ।

মুসাবিদাকারক

BHABENDRA KRISHNA ROY
ADVOCATE
HIGH COURT CALCUTTA

মোঃ হাসান উজ জামান
সাং - মহম্মাদপুর, রাজারহাট।


ইসাদী

SITE PLAN OF R.S. DAG NO-3914
------------------------------L.R. KHAT
NO-1000 AT MOUZA-PATHARGHAT
J.L. NO-36, R.S. NO-225 P.S. R
HAT. DIST. NORTH 24 PARGANAS

SCALE - 20'-0" = 1"

| PURCHASER. | | SOLD BY. |
|---|---|---|
| GANESH SARDAR | P.NO- A, A/1 = 4K. | |
| DUT KUMAR " " | " B. B/1 = 2K. | |




DRAWN BY


Laskar

**Government of West Bengal**
**epartment of Finance (Revenue) ,Directorate of Registration and Stamp Revenue**
**Office of the A. D. S. R. BIDHAN NAGAR, District- North 24-Parganas**
**Signature / LTI Sheet of Serial No. 09876 / 2008, Deed No. (Book - I , 12183/2008)**

iature of the Presentant

| Name of the Presentant | Photo | Finger Print | Signature with date |
|---|---|---|---|
| Netai Ch Biswas | | | 26/9/2008 |

II . Signature of the person(s) admitting the Execution at Office.

| Sl No. | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
|---|---|---|---|---|---|
| 1 | Netai Ch Biswas<br>Address -Patharghata 24 Pgs North | Self | <br>26/09/2008 | <br>LTI<br>26/09/2008 | |

**Name of Identifier of above Person(s)**
Ananda Biswas
PS-.,Patharghata

**Signature of Identifier with Date**

26/9/2008

**(Abhijit Kumar Das)**
**ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**
**Office of the A. D. S. R. BIDHAN NAGAR**

Government Of West Bengal
Office of the A. D. S. R. BIDHAN NAGAR
BIDHAN NAGAR
Endorsement For deed Number :I-12183 of :2008
(Serial No. 09876, 2008)

On 26/09/2008

**Certificate of Admissibility(Rule 43)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A Article number :23 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs. 10.00/-

**Payment of Fees:**

Fee Paid in rupees under article : A(1) = 3289/- on:26/09/2008

**Certificate of Market Value(WB PUVI rules 1999)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs- 300000/-

Certified that the required stamp duty of this document is Rs 15000 /- and the Stamp duty paid as: Impresive Rs- 5000

**Deficit stamp duty**

Deficit stamp duty Rs 10010/- is paid, by the draft number 183562, Draft Date 26/09/2008 Bank Name STATE BANK OF INDIA, Bikash Bhavan G. O., received on :26/09/2008.

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1))**

Presented for registration at 13.00 hrs on :26/09/2008,at the Office of the A. D. S. R. BIDHAN NAGAR by Netai Ch Biswas,Executant.

**Admission of Execution(Under Section 58)**

Execution is admitted on 26/09/2008 by

1. Netai Ch Biswas alias Netai Biswas, son of Janada Prasad Biswas ,Patharghata 24 Pgs North ,Thana Rajarhat, By caste Hindu,by Profession :Cultivation

Identified By Ananda Biswas, son of Netai Ch Biswas Patharghata Thana: ., by caste Hindu,By Profession :Business.

[Abhijit Kumar Das]
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BIDHAN NAGAR
Govt. of West Bengal

***Certificate of Registration under section 60 and Rule 69.***


Registered in Book - I
CD Volume number 11
Page from 17385 to 17396
being No 12183 for the year 2008.

(Abhijit Kumar Das) 29-September-2008
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
Office of the A. D. S. R. BIDHAN NAGAR
West Bengal

ATURE OF THE
RESENTANT/
ECUTANT/SELLER/
BUYER/CAIMENT
WITH PHOTO

# UNDER RULE 44A OF THE I.R. ACT 1908

N.B. - LH BOX-SMALL TO THUMB PRINTS
R.H. BOX- THUMB TO SMALL PRINTS




দুধকুমার সরদার

LH.

RH.




ATTESTED :- দুধকুমার সরদার



শ্রী [illegible] বিশ্বাস
পক্ষে শ্রী [illegible] বিশ্বাস

LH.

RH.



শ্রী [illegible] বিশ্বাস

ATTESTED :-
পক্ষে শ্রী [illegible] বিশ্বাস

PHOTO

LH.

RH.

ATTESTED :-